ইরান এখন আলোচনায় বেশি গুরুত্ব দিচ্ছে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরান যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনাকে এখন আগের চেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। স্থানীয় সময় শুক্রবার (২৪ জুলাই) হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ মন্তব্য করেন। খবর মিডল ইস্ট আইয়ের।

ট্রাম্প বলেন, ইরানের বিরুদ্ধে বড় ধরনের সামরিক হামলা চালানোর বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে এ নিয়ে আলোচনা চলছে। তার মতে, সময় যত যাচ্ছে, ইরানও তত বেশি আলোচনার গুরুত্ব বুঝতে পারছে।

ইরানে বড় ধরনের সামরিক অভিযান চালানোর সিদ্ধান্ত হয়েছে কি না, জানতে চাইলে ট্রাম্প বলেন, এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। তিনি জানান, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা চলছে। দিন যত যাচ্ছে, ইরান আলোচনাকে আরও গুরুত্ব দিচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

এর আগে মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস জানিয়েছিল, ইরানে নতুন করে হামলা চালানোর বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করছেন ট্রাম্প। তার ভাষ্য অনুযায়ী, এমন অভিযান হলে সেটি আগের 'অপারেশন এপিক ফিউরি'র চেয়েও বড় হতে পারে।

ট্রাম্প বলেন, বড় ধরনের সামরিক হামলার বিষয়টি তিনি বিবেচনা করছেন এবং এ জন্য প্রয়োজনীয় প্রস্তুতিও রয়েছে। তবে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি বলে জানান তিনি।

অন্যদিকে, যুক্তরাষ্ট্রের দুই কর্মকর্তা অ্যাক্সিওসকে জানিয়েছেন, ইরানে নতুন হামলার বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেয়নি মার্কিন প্রশাসন। এ নিয়ে সামরিক বাহিনীকেও নতুন কোনো নির্দেশ দেওয়া হয়নি। সম্ভাব্য হামলা বা সিদ্ধান্তের জন্য কোনো নির্দিষ্ট সময়সীমাও জানাননি ট্রাম্প।